গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি অধিশাখা
www.powerdivision.gov.bd

নং: ২৭.০০.০০০০.০৯৩.৩১.০০৭.১৫. ২৬৯ তারিখঃ ০২ নভেম্বর ২০১৫।

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন নবায়নযোগ্য জ্বালানি প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১৬ অক্টোবর ২০১৫ শুক্রবার অপরাহ্ন ২.৩০ ঘটিকায় বিদ্যুৎ বিভাগের সচিব জনাব মনোয়ার ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত বিদ্যুৎ বিভাগের আওতায় নবায়নযোগ্য জ্বালানির উপর গৃহীত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ সভার কার্যবিবরণী।

২/১১/২০১৫
(তাহমিনা ইয়াসমিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৪৪০৯

বিতরণঃ কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
২। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) বিদ্যুৎ ভবন, ১ নং আবদুল গনি রোড, রমনা, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো), ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬। অতিরিক্ত সচিব, (প্রশাসন/উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), কৃষি ভবন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৮। সদস্য (জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ), টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), বিদ্যুৎ বিভাগ।
৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড, বন ভবন, ১০১ মহাখালী, ঢাকা-১২১২।
১০। সদস্য (উৎপাদন) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। সদস্য (কোম্পানি এ্যাফেয়ার্স),বাবিউবো ও আহ্বায়ক কারিগরি কমিটি, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/পিজিসিবি/ইজিসিবি/আরপিসিএল/ওজোপাডিকো/নওজোপাডিকো/এপিএসসিএল/নওপাজেকো/কোল পাওয়ার জেনারেশন কো: বাংলাদেশ লি: ঢাকা/রাজশাহী/খুলনা/বি-বাড়িয়া।
১৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
১৪। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, ১ নং আবদুল গনি রোড, রমনা, ঢাকা।
১৫। মোহাম্মদ বজলুর রহমান, প্রকল্প পরিচালক ও যুগ্ম-সচিব, TA Project for Wind Resources Mapping, বিদ্যুৎ ভবন, ঢাকা।
১৬। যুগ্ম প্রধান, বিদ্যুৎ বিভাগ।
১৭। সিইও, ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড, ইউটিসি ভবন (লেভেল-১৬), ৮ পান্থপথ, কারওয়ান বাজার,ঢাকা।
১৮। পরিচালক, প্রকল্প পরিকল্পনা পরিদপ্তর, বাবিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১৯। পরিচালক, আইপিপি সেল-১, বাবিউবো ও সদস্য সচিব, কারিগরি কমিটি।
২০। পরিচালক, আইপিপি সেল-২,৩, বিউবো, বিদ্যুৎ ভবন, ঢাকা।
২০। পরিচালক, নবায়নযোগ্য জ্বালানি এবং গবেষণা ও উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা। (সভায় সংশ্লিষ্ট প্রকল্পের স্পনসরসহ উপস্থিত থাকার অনুরোধসহ।
২১। পরিচালক, নবায়নযোগ্য জ্বালানি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
২২। প্রকল্প সমন্বয়ক, সোলার স্ট্রিট লাইটিং প্রোগ্রাম ইন সিটি কর্পোরেশন, বিদ্যুৎ ভবন, ঢাকা।
২৩। প্রকল্প পরিচালক, দুর্গম হাওড় এলাকায় নবায়নযোগ্য জ্বালানি নির্ভর পাইলট প্রকল্প, বিদ্যুৎ ভবন, ঢাকা।
২৪। প্রকল্প পরিচালক; কাপ্তাই ৭.৫ মেঃওঃ সোলার গ্রিড কানেকটেড পাওয়ার জেনারেশন প্রজেক্ট বিদ্যুৎ ভবন, ঢাকা।
২৫। প্রকল্প পরিচালক, হাতিয়া গ্রিড উইন্ড-সোলার-হাইব্রিড সিস্টেম উইথ ডিজেল বেইজড ইঞ্জিন জেনারেটর,বিদ্যুৎ ভবন, ঢাকা।

২৬। সভাপতি/সাধারন সম্পাদক, Bangladesh Solar & Renewable Energy Association, ৪৪৬/বি তেঁজগাও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
২৭। Director, SunEdison Energy Holding (Singapore) Pvt Ltd.
২৮। C.E.O, Joules Power Limited (JPL) .
২৯। Managing Driector, HETAT-DITROLIC-IFDC SOLAR.
৩০। Chairman, Haor Bangla-Korea Green Energy Ltd.
৩১। Managing Driector, Shapoorji Pallonji Infrastructure Capital Company Private Limited, India.
৩২। President, New Generation Power International, USA.
৩৩। Chairman, Greenland Technologies Limited (a concern of GETCO group), Dhaka, Bangladesh.
৩৪। Director, Symbior Solar Siam & Holland Construction, Republic of Mauritius.
৩৫। Director, Velcon Energy Mauritius Ltd, Republic of Mauritius.
৩৬। President, Trio Syndicate and PH-Consulting Group Inc. USA.
৩৭। Managing Driector, Beximco Power Co Ltd, Dhaka, Bangladesh.
৩৮। Managing Driector, Solar City Bangladesh Ltd, Dhaka, Bangladesh.
৩৯। Chairman, AJ Corporation Ltd, Dhaka, Bangladesh.
৪০। Vice Chairman, Bangla German Solar Power Dev.Co.Ltd, Chittagong, Bangladesh.
৪১। Managing Director, Sun Solar Power Plant Ltd, Dhaka, Bangladesh.
৪২। Managing Director, Elcon Bangladesh (UK) Limited, Dhaka, Bangladesh.
৪৩। জনাব দিদার ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, সোলারিক লি:, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য
১। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি শাখা
www.powerdivision.gov.bd

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন নবায়নযোগ্য জ্বালানির (সৌর, বায়ু, পানি বিদ্যুৎ) উপর গৃহীত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১৬ অক্টোবর ২০১৫ শুক্রবার অপরাহ্ণ ২.৩০ ঘটিকায় বিদ্যুৎ ভবনে অবস্থিত বিজয় হলে (১৪ তলা, ১ নং আবদুল গনি রোর্ড, রমনা, ঢাকা) বিদ্যুৎ বিভাগের আওতাধীন নবায়নযোগ্য জ্বালানি প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। বিদ্যুৎ বিভাগের সচিব জনাব মনোয়ার ইসলাম উক্ত সভায় সভাপতিত্ব করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব জনাব মো: আবুল কালাম আজাদ এবং মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী জনাব নসরুল হামিদ এমপি সভায় উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের বিবরণ পরিশিষ্ট "ক"-তে সংযুক্ত।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-সচিব (নবায়নযোগ্য জ্বালানি) মোহাম্মদ আলাউদ্দিন নবায়নযোগ্য জ্বালানি প্রকল্প সমূহের অগ্রগতি উপস্থাপন করেন। উপস্থাপনার শুরুতে তিনি বিদ্যুৎ বিভাগের আওতাধীন ইউটিলিটিসমূহের বিপরীতে ধার্যকৃত লক্ষ্যমাত্রা উপস্থাপন করেন:

ক্রমিক নং	কোম্পানি/ সংস্থার নাম	সৌর বিদ্যুৎ (মে.ও.)	বায়ু বিদ্যুৎ (মে.ও.)
০১	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো)	১০০	১০০
০২	আশুগঞ্জ পাওয়ার কোম্পানি লিমিটেড (এপিসিএল)	১০০	১০০
০৩	ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ (ইজিসিবি)	১০০	১০০
০৪	নর্থ ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোং লিঃ (নওপাজেকো)	৫৫	১০০
০৫	রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (আরপিসিএল)	৫০	১০০
০৬	কোল পাওয়ার জেনারেশন লি: (সিপিজিএল)	৫০	১০০
	মোট:	৪৫৫	৬০০

৩। অত:পর বিভিন্ন ইউটিলিটি কর্তৃক গৃহীত প্রকল্পের নিম্নরূপ বাস্তবায়ন অগ্রগতি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক সভায় তুলে ধরেন:

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো)

ক্র. নং	প্রকল্পের ধরণ	প্রকল্পের নাম	ক্ষমতা	অবস্থান ও ভূমির পরিমাণ (একর)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ প্রকল্প পরিচালক	অর্থায়ন	বাস্তবায়ন কাল	বাস্তবায়ন কজের অগ্রগতি
০১	সোলার পার্ক (গ্রিড টাইড)	ধরলা ৩০ মেগাওয়াট সোলার পার্ক	৩০ মেঃওঃ	কুড়িগ্রাম (১১০)	জনাব আহমেদ জহির খান, প্রকল্প পরিচালক	IPP	জুন ২০১৬	কুড়িগ্রামের ভূরুঙ্গামারী মহাসড়কের পূর্বপাশে ধরলা নদীর বামতীরের বন্যা নিয়ন্ত্রণ বাঁধের ভিতরে খাস জমিতে প্রকল্প স্থানান্তরের বিষয়ে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।
০২		রাঙ্গুনিয়া সোলার পার্ক।	৬০ মেঃওঃ	চট্টগ্রাম (২০০)	জনাব অনিল বরন ভৌমিক, প্রকল্প পরিচালক		জুন ২০১৭	যৌথ জরিপ শেষে প্রতিবেদন প্রস্তুতের কাজ চলছে এবং DPP প্রস্তুতের কাজ চলমান আছে। প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ ব্যাংকে অনুরোধ করার নিমিত্ত কার্যক্রম মন্ত্রণালয়ে বিবেচনাধীন রয়েছে।
০৩		সরিষাবাড়ি সোলার পার্ক।	৩ মেঃওঃ	জামালপুর (৮)	জনাব মফিজুল ইসলাম, প্রকল্প পরিচালক	IPP	ডিসেম্বর ২০১৫	প্রকল্প এলাকার ভূমি উন্নয়নের কাজ চলমান আছে। সভায় সংশ্লিষ্ট স্পনসর জানান যে, বোর্ড অব ইনভেস্টমেন্ট থেকে অনুমতি পেতে দীর্ঘ সময় লেগেছে।
০৪		কাপ্তাই সোলার পার্ক, চট্টগ্রাম	৭.৪ মেঃওঃ	কাপ্তাই, চট্টগ্রাম		এডিবি	জুন ২০১৬	এডিবি'র খসড়া চুক্তিপত্রের উপর মতামতের জন্য মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে এবং স্পনসর কর্তৃক Performance Security'র টাকা জমা দেওয়া হয়েছে।

ক্র. নং	প্রকল্পের ধরণ	প্রকল্পের নাম	ক্ষমতা	অবস্থান ও ভূমির পরিমাণ (একর)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ প্রকল্প পরিচালক	অর্থায়ন	বাস্তবায়ন কাল	বাস্তবায়ন কজের অগ্রগতি
০৫		হাতিয়া হাইব্রিড সোলার পার্ক।	৪.২ মেঃওঃ	হাতিয়া	জনাব মোঃ রায়হানুল ইসলাম, প্রকল্প পরিচালক	এডিবি	জুন ২০১৬	Revised DPP মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ব্যাটারি সংযোজন করায় RDPP তে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে। তবে প্রকল্প যাচাই কমিটির সভায় ব্যাটারি বাদ দিয়ে প্রকল্পের RDPP সংশোধনের সিদ্ধান্ত হয়েছে।
০৬		ঠাকুরগাঁও সোলার পাওয়ার প্রকল্প।	৫ মেঃওঃ	ঠাকুরগাঁও (২০.৩০)	পরিচালক, নবায়নযোগ্য জ্বালানি এবং গবেষনা ও উন্নয়ন পরিদপ্তর		জুন ২০১৭	গত ০৪-১০-২০১৫ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভায় বিষয়টি আলোচিত হয়েছে। আলোচনায় DPP সংশোধন করে পুনরায় দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
০৭		ঈশ্বরদি, সিরাজগঞ্জ সোলার পার্ক (ক) ঈশ্বরদি সোলার পার্ক। (খ) সিরাজগঞ্জ সোলার পার্ক।	২ মেঃওঃ ১ মেঃওঃ	ঈশ্বরদি সিরাজগঞ্জ		GoB	ডিসেম্বর ২০১৬	পরিকল্পনা কমিশনের চাহিদা মোতাবেক DPP সংশোধন করে পাঠানো হয়েছে।একনেক কর্তৃক অনুমোদনের অপেক্ষায় আছে।
০৮		গঙ্গাচড়া সোলার পার্ক	৫৫ মেঃওঃ	রংপুর (২৫২)			ডিসেম্বর ২০১৬	DPP প্রস্তুতের কাজ চলছে। প্রকল্পের অর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে অনুরোধ করার নিমিত্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ভূমি অধিগ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ কার্যক্রম মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন।
০৯		সোনাগাজী সোলার পাওয়ার প্লান্ট।	১০০ মেঃওঃ	সোনাগাজী, ফেনী		গ্রিন ক্লাইমেট ফান্ড	জুন ২০১৭	মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক পুনগঠিত DPP গত ২৭-০৯-২০১৫ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং জমি অধিগ্রহণের বিষয়ে জেলা প্রশাসক বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
১০	সোলার মিনি গ্রিড	সাল্লা উপজেলার হাবিবপুর ইউনিয়নে সোলার মিনি গ্রিড প্রকল্প	৬৫০ কিঃওঃ	শাল্লা উপজেলা (৪.০১৭)	জনাব কামরুজ্জামান,প্রকল্প পরিচালক	BCCTF		পরিবেশ ও বন মন্ত্রণালয়াধীন BCCTF কর্তৃক শর্তসাপেক্ষে ৩১ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। পিআইসি ও পিএসসি সভার সুপারিশ প্রাপ্তির পর এ সংক্রান্ত আদেশ জারি করা হবে। পরিচালক, নজ্গাগউ পরিদপ্তরকে আহবায়ক করে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পিআইসি (PIC) কমিটি গঠন করা হয়েছে। প্রকল্পটি ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে।
১১	সোলার স্ট্রিট লাইটিং	সোলার স্ট্রিট লাইটিং প্রোগ্রাম ইন ৮ সিটি কর্পোরেশন শীর্ষক প্রকল্প।	৮৪০০ সেট		জনাব সরোয়ার হোসেন, প্রকল্প সমন্বয়ক	এডিবি	জুন ২০১৭	দরপত্র জমা প্রদানের শেষ তারিখে মোট ২০টি প্রতিষ্ঠান দরপত্র জমা প্রদান করেন। বর্তমানে উক্ত দরপত্রসমূহের মূল্যায়ন চলছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রকল্প বাস্তবায়ন মেয়াদ ৩০ জুন, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বর্তমানে Technical Committee তে টেন্ডার Evaluation এর কাজ চলছে।
১২	মিউনিসিপ্যাল ওয়েস্ট থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প	কেরানীগঞ্জে মিউনিসিপ্যাল ওয়েস্ট টু ইলেক্ট্রিসিটি প্রজেক্ট	৫-৭ মেঃওঃ	কেরানীগঞ্জ, ঢাকা				প্রকল্পের বাস্তবায়ন কৌশল নিরূপণ বিষয়ক সভার সিদ্ধান্ত অনুযায়ী বিউবো নিজস্ব জমিতে পাইলট প্রকল্প হিসেবে প্রকল্পটি বাস্তবায়ন করবে। প্রকল্পটি সরকারি অর্থায়নে এবং এর জন্য সিটি কর্পোরেশনের সহযোগিতা কীভাবে নেওয়া যায় সে বিষয়ে একটি Feasibility Study করার জন্য মূখ্য সচিব মহোদয় পরামর্শ প্রদান করেন।
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)								
১৩	সোলার ইরিগেশন	পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক সোলার ইরিগেশন প্রকল্প				এডিবি		বর্তমানে ৩৭৫ টি পাম্প স্থাপনের বিষয়ে এডিবিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এডিবি কর্তৃক প্রকল্পের অর্থ পুন:বরাদ্দের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এডিবি থেকে Fund reallocation অনুমোদিত হয়েছে। এডিবি কর্তৃক consuntant নিয়োগের প্রক্রিয়া চলমান রয়েছে।
নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কো: লি: (নওপাজেকোলি:)								
১৪	সোলার পার্ক (গ্রিড টাইড)	শিমুলিয়া সোলার পার্ক, সিরাজগঞ্জ	৫ মেঃওঃ	সিরাজগঞ্জ		GoB	ডিসেম্বর ২০১৫	ভূমি মন্ত্রণায়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক, নওপাজেকোলি-কে নির্দেশনা প্রদান করা হয়েছে।

ক্র. নং	প্রকল্পের ধরণ	প্রকল্পের নাম	ক্ষমতা	অবস্থান ও ভূমির পরিমাণ (একর)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ প্রকল্প পরিচালক	অর্থায়ন	বাস্তবায়ন কাল	বাস্তবায়ন কজের অগ্রগতি
ইলেকট্রিক জেনারেশন কো: লি: (ইজিসিবি)								
১৫	সোলার পার্ক (গ্রিড টাইড)	মুন্সিগঞ্জ সোলার পাওয়ার প্লান্ট।	৭৫ মেঃওঃ	মুন্সিগঞ্জ		এডিবি	জুন ২০১৭	PDPP প্রস্তুত করা হয়েছে। নীতিগত অনুমোদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সারসংক্ষেপ প্রেরণ করা হয়েছে।
১৬	সোলার মিনি গ্রিড	সিদ্ধিরগঞ্জ সোলার প্রকল্প	৩৬ কিঃওঃ	সিদ্ধিরগঞ্জ		এডিবি	ডিসেম্বর ২০১৫	ADB কর্তৃক দরপত্র আহ্বান এবং মূল্যায়ন শেষে ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে ইজিসিবি'র চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুয়ায়ী ২৯-০৯-২০১৫ তারিখে প্রকল্পের কাজ শুরু হবে।
রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড (আরপিসিএল)								
১৭	সোলার পার্ক (গ্রিড টাইড)	৫ মেঃ ওঃ সোলার পার্ক	৫ মেঃ ওঃ	ময়মনসিংহ ১৪.৫				বাছাই কমিটির সভায় DPP সংশোধন করা হয়েছে।
১৮		পদ্মার চরে সোলার পার্ক	২০০ মেঃ ওঃ	রাজশাহী				স্রেডা'র সভায় RPCL এবং APSCL এর যৌথ অর্থায়নে Power cell এর মাধ্যমে একটি পূর্ণাঙ্গ ফিজিবিলিটি ষ্টাডির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কো: লি: (ডিপিডিসি)								
১৯	সোলার রুফটপ	অন্যান্য সরকারি ভবনে সচিবালয়ের ছাদে স্থাপিত মডেল অনুসরণে সোলার সিস্টেম স্থাপন।						উপযোগী ভবন নির্বাচনের জন্য গঠিত কারিগরি কমিটির প্রতিবেদনে উপযোগী ০৫টি ভবন নির্বাচন করা হয়েছে। আগামী ০১ (এক) মাসের মধ্যে দরপত্র আহ্বানের পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
২০		গনভবনের ছাদে সোলার সিস্টেম স্থাপন প্রকল্প।		গনভবন		ডিপি ডিসি		ডিপিডিসি কর্তৃক টেন্ডার ডকুমেন্ট তৈরি করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নের জন্য গণভবন এর দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত আছে।
IPP প্রকল্পসমূহ (মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রকল্পসমূহ)								
২১	সোলার পার্ক (গ্রিড টাইড)	Sun Edision Energy Holding (Singapore) Pte Ltd. কর্তৃক "200 MW (AC) Solar Power Project	২০০ মেঃ ওঃ	কক্সবাজার		IPP		প্রস্তাবটি Purchase Committee কর্তৃক অনুমোদিত হয়েছে। সভায় Sponsor-কে কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হয়।
২২		Joules Power Limited (JPL) কর্তৃক "20MW ±10% Grid-Tied Solar Power Project."	২০ মেঃ ওঃ	কক্সবাজার		IPP		Purchase Committee কর্তৃক অধিকতর পরীক্ষা নিরীক্ষা করে উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
২৩		HETAT-DITROLIC-IFDC Solar কর্তৃক 50 MW (AC) Solar Park	২০ মেঃ ওঃ	সুতিয়াখালি, ময়মনসিহ		IPP		Purchase Committee তে প্রেরণের কাজ চলমান রয়েছে।
২৪		EDISUN-Power Point & Haor Bangla-Korea Green Energy Ltd কর্তৃক 32MW (AC) Solar Park	৩২ মে:ও:	ধর্মপাশা, সুনামগঞ্জ		IPP		গত ৫/১০/২০১৫ ইং তারিখে প্রস্তাবটি পূণরায় ট্যারিফ নিগোসিয়েশন কমিটিতে উত্থাপিত হয় কিন্তু ট্যারিফ চূড়ান্ত হয়নি। বিউবো এবং পিজিসিবি'র প্রতিনিধি গণ এলাকা পরিদর্শন করবেন।
(কারিগরি কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্পসমূহ)								
২৫	সোলার পার্ক (গ্রিড টাইড)	Beximco Power Co Ltd	২০০ মে: ও:	পঞ্চগড়				কারিগরি কমিটি কর্তৃক প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেছে। কমিটি কর্তৃক কারিগরি, আর্থিক ও প্রাতিষ্ঠানিকভাবে যোগ্য প্রতীয়মান হওয়ায় প্রস্তাবটি বিবেচনাযোগ্য মর্মে মতামত প্রদান করেছে। মাননীয় প্রধানমন্ত্রী বরাবর নীতিগত অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রস্তুতের কার্যক্রম চলছে।

ক্র. নং	প্রকল্পের ধরণ	প্রকল্পের নাম	ক্ষমতা	অবস্থান ও ভূমির পরিমাণ (একর)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ প্রকল্প পরিচালক	অর্থায়ন	বাস্তবায়ন কাল	বাস্তবায়ন কাজের অগ্রগতি
২৬		Intraco CNG Ltd &Juli New Energy Co. Ltd	৩০ মে:ও:	গংগাচড়া, রংপুর				কারিগরি কমিটি কর্তৃক প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেছে। কমিটি কর্তৃক কারিগরি, আর্থিক ও প্রাতিষ্ঠানিকভাবে যোগ্য প্রতীয়মান হওয়ায় প্রস্তাবটি বিবেচনাযোগ্য মর্মে মতামত প্রদান করেছে। Power Evacuation বিষয়ে PGCB এবং বিদ্যুৎ ক্রয়ের বিষয়ে BPDB'র মতামতের জন্য পত্র দেওয়া হয়েছে।
২৭	বায়ু বিদ্যুৎ	US-DK Green Energy (BD) Ltd. কর্তৃক কক্সবাজার বায়ু বিদ্যুৎ প্রকল্প।	৬০ মেঃওঃ	কক্সবাজার		IPP		COD বৃদ্ধির যুক্তিযুক্ত সময়সীমা নির্ধারণের জন্য মন্ত্রণালয় হতে নির্দেশ পাওয়া গেছে।
২৮		M/s. ReGen Powertech Private Limited কর্তৃক একটি সৌর-বায়ু হাইব্রিড বিদ্যুৎ কেন্দ্র স্থাপন।	১৮ মেঃ ওঃ	ফেনী (মহুরী ড্যাম)		ReGen Power tech		কারিগরি কমিটি কর্তৃক প্রকল্পের সামগ্রিক মূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেছে। প্রস্তাবটি অসম্পূর্ণ হওয়ায় মূল্যায়ন করা সম্ভব হয়নি। প্রয়োজনীয় ডকুমেন্ট প্রেরণের জন্য পত্র প্রদান করা হয়েছে। পরবর্তীতে পরিপূর্ণ প্রস্তাব পাওয়া গেলে মূল্যায়ন করা হবে।
বিদ্যুৎ বিভাগ								
২৯	বায়ু বিদ্যুৎ (উইন্ড রিসোর্স ম্যাপিং)	TA Project for উইন্ড রিসোর্স ম্যাপিং।		ইনানী, আনোয়ারা, সীতাকুন্ড, মংলা, লালপুর, জাফরাবাদ, রাজশাহী, বদরগঞ্জ, ময়মনসিংহ ও মধুপুর	মোহাম্মদ বজলুর রহমান, প্রকল্প পরিচালক	USA ID ও NREL	ডিসেম্বর ২০১৬	সকল ভৌত কাজ চলতি মাসের মধ্যে শেষ হবে।
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)								
৩০	সোলার ইরিগেশন	বিএডিসি'র উদ্যোগে বাস্তবায়িত সোলার ইরিগেশন প্রকল্প।						বিএডিসি হতে প্রাপ্ত তথ্যে জানা যায় যে, ৫০০টি সোলার পাম্প স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। পাম্প গুলি ডেমোনেষ্ট্রেশন মডেলে পরিচালিত হবে। বিজনেস মডেলে পাম্প গুলি পরিচালনা করা যায় কিনা সে বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করা হচ্ছে।

৪। আলোচনায় অংশগ্রহণ করে চেয়ারম্যান, স্রেডা, চেয়ারম্যান, বিউবো, সদস্য (জ্বালানি সংরক্ষণ), স্রেডা, মহাপরিচালক, পাওয়ার সেল, ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/পিজিসিবি/নওপাজেকো/আরপিসিএল/এপিএসসিএল, পরিচালক, নবায়নযোগ্য জ্বালানি গবেষণা ও উন্নয়ন পরিদপ্তর, বিউবো, উপ-পরিচালক, নবায়নযোগ্য জ্বালানি পরিদপ্তর, বাপবিবো এবং উপস্থিত প্রকল্প পরিচালক ও স্পনসরগণ নিজ নিজ বক্তব্য উপস্থাপন করেন।

৫। আলোচনায় অংশগ্রহণ করে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব জানান যে, নবায়নযোগ্য উৎস থেকে বিদুৎ উৎপাদন প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে বিদ্যুৎ বিভাগে One Stop Service System চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সোলার রুফটপ প্রকল্পর বিষয়ে তিনি জানান যে, প্রাথমিকভাবে জামালপুর জেলার সকল সরকারি ভবনের ছাদে সোলার প্লান্ট স্থাপনের কার্যক্রম শুরু করা যেতে পারে। গণপূর্ত অধিদপ্তরের সহযোগিতা নিয়ে এক মাসের মধ্যে জরিপ সম্পন্ন করে উপযোগী ভবন চিহ্নিত করে সোলার রুফটপ প্রকল্প শুরু করা যেতে পারে। তাছাড়া পর্যায়ক্রমে সকল জেলার সরকারি ভবনে সোলার রুপটপ বিদ্যুৎ উৎপাদনের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। নবায়নযোগ্য জ্বালানি পরিবেশ বান্ধব বিধায় পরিবেশ অধিদপ্তর এসব প্রকল্পের ছাড়পত্র দ্রুততার সাথে প্রদানের উদ্যোগ গ্রহণ করবে।

৬। আলোচনায় অংশগ্রহণ করে মাননীয় প্রতিমন্ত্রী জানান যে, ঢাকার দুই সিটি কর্পোরেশন থেকে প্রতিদিনের বর্জ্য নিয়ে কেরানীগঞ্জে একটি বর্জ্য বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বাবিউবো উদ্যোগ গ্রহণ করতে পারে। সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন Viable হবে কিনা সে বিষয়ে একটি Feasibility Study সম্পন্ন করা যেতে পারে। এছাড়া প্রকল্পের Waste Management বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতাকরার জন্য স্থানীয় সরকার বিভাগের সংগে আলোচনা করতে হবে। যে সকল বিদেশী কোম্পানি Wind Mapping এর বিষয়ে কাজ করতে আগ্রহী তারা Coastal Area তে Coastal Baseline ধরে Wind Mapping প্রজেক্ট করতে পারে।

৬। বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড ৫ মেগাওয়াট সোলার পার্কের জন্য নির্ধারিত স্থানে ডুয়েল ফুয়েল ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পদক্ষেপ গ্রহণ করবে। সোলার পার্কটি অন্যত্র স্থাপনের বিষয় বিবেচনা করা যেতে পারে;

(খ) সোলার স্ট্রিট লাইটিং প্রোগ্রাম ইন এইট সিটি কর্পোরেশন প্রকল্পের দরপত্র মূল্যায়ন ০১ (এক) মাসের মধ্যে সম্পন্ন করতে হবে;

(গ) নবায়নযোগ্য শক্তি ভিত্তিক প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে আবেদন জমা নেওয়ার সময় তা স্বয়ংসম্পূর্ণ কী না নির্ধারিত চেকলিস্টের বিপরীতে তাৎক্ষণিক যাচাই করে গ্রহণ করতে হবে এবং অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না;

(ঘ) কারিগরি কমিটির নিকট পরীক্ষা-নিরীক্ষার জন্য অপেক্ষমান প্রকল্প প্রস্তাবসমূহ এক মাসের মধ্যে যাচাই করে বিদ্যুৎ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে;

(ঙ) জামালপুর জেলার সরকারি ভবনের ছাদে রুফটপ সোলার প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের সহযোগিতা নিয়ে ০১ (এক) মাসের মধ্যে প্রাথমিক সমীক্ষা (Feasibility Study) সম্পন্ন করতে হবে।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত হয়ে মূল্যবান মতামত প্রদানের জন্য সভাপতির পক্ষ থেকে সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯।১০।১৫

(মনোয়ার ইসলাম)
সচিব
বিদ্যুৎ বিভাগ।